ভেদরগঞ্জ উপজেলা পরিষদ

শরীয়তপুর।

# ৫ম উপজেলা পরিষদের ৫২ তম সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ হুমায়ুন কবির<br>চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর। |
| সভার তারিখ | : ২৩ অক্টোবর ২০২৩ |
| সময় | : সকাল ১১.০০ টা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ভেদরগঞ্জ, শরীয়তপুর। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হল :-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর সভা পরিচালনা করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধন না থাকায় কার্যবিবরণী গৃহীত ও অনুমোদিত হয়। সভায় বিভাগ ও বিষয় ভিত্তিক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অক্টোবর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>সভার সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>সেবার ধরণ</th><th>পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>মোট নরমাল ডেলিভারি</td><td>৪১ টি</td></tr>
<tr><td>০২</td><td>সিজারিয়ান ডেলিভারি</td><td>২০ টি</td></tr>
<tr><td>০৩</td><td>০৪জন সিএইচসিপি ও ০১ জন স্বাস্থ্য সহকারীর মাধ্যমে নরমাল ডেলিভারি</td><td>৩৭ টি</td></tr>
<tr><td>০৪</td><td>হাসপাতালের আন্তঃবিভাগ রোগীর সেবা</td><td>১৬৮১ জন</td></tr>
<tr><td>০৫</td><td>হাসপাতালের বহিঃবিভাগ রোগীর সেবা</td><td>১০৭৮১ জন</td></tr>
<tr><td>০৬</td><td>হাসপাতালের জরুরীঃবিভাগ রোগীর সেবা</td><td>২৬৬৫ জন</td></tr>
<tr><td>০৭</td><td>তারাবুনিয়া ২০ বেড হাসপাতালের রোগীর সেবা</td><td>৬৪৮ জন</td></tr>
<tr><td>০৮</td><td>০৫টি উপস্বাস্থ্য কেন্দ্রে রোগীর সেবা</td><td>২১৫১ জন</td></tr>
<tr><td>০৯</td><td>৩৬টি কমিউনিটি ক্লিনিকে রোগীর সেবা</td><td>২২৮২৩ জন</td></tr>
<tr><td>১০</td><td>করোনা টিকা দেয়া হয়েছে</td><td>০০ জন</td></tr>
<tr><td>১১</td><td>মাইনর সার্জারী</td><td>৩৯৮ টি</td></tr>
<tr><td>১২</td><td>মেজর অপারেশন</td><td>০৪ টি</td></tr>
<tr><td>১৩</td><td>হাসপাতালে ২৯টি প্যাথলোজী সেবা</td><td>৭৫২ জন</td></tr>
<tr><td>১৪</td><td>ডেঙ্গু রোগীর সেবা</td><td>১১২ জন</td></tr>
</table>
হাসপাতালে প্যাথলজিক্যাল ইউজার ফি হিসেবে আদায়কৃত টাকা সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।<br><br>
অন্যান্য সেবা: উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভেদরগঞ্জ, শরীয়তপুর এ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে ৩০ মার্চ ২০২৩ হতে প্রতি কর্মদিবসে বিকেল ০৩টা হতে সন্ধ্যা ০৬টা পর্যন্ত বৈকালিক চেম্বার শুরু করা হয়েছে। এই সময়ে আল্ট্রা, ইসিজি ও প্যাথলজি ল্যাবের সকল পরীক্ষা সরকার নির্ধারিত স্বল্পমূল্যে করা হয়।
</td><td>সেবার মান বৃদ্ধির ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
</table>

HK.

০২। **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, অক্টোবর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>সভার সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>পদ্ধতির নাম</th><th>পুরাতন</th><th>ড্রপ আউট</th><th>নতুন</th><th>মোট গ্রহণকারী</th><th>চলতি মাসে জন্মগ্রহণকারীর সংখ্যা</th><th>চলতি মাসে মত্যুবরণকারীর সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>খাবার বড়ি</td><td>১৬৩৩৩</td><td>৪৩০</td><td>২৩৫</td><td>১৬১৩৮</td><td>৩৩৯</td><td>৭৬</td></tr>
<tr><td>০২</td><td>কনডম</td><td>৩৩৯৬</td><td>৯৪</td><td>৬১</td><td>৩৩৬৩</td><td></td><td></td></tr>
<tr><td>০৩</td><td>ইনজেকটেবল</td><td>৮৩১৮</td><td>১৫৪</td><td>৪৭৪</td><td>৮৬৩৮</td><td></td><td></td></tr>
<tr><td>০৪</td><td>আই ইউ ডি</td><td>১৩৩১</td><td>২০</td><td>০৮</td><td>১৩১৯</td><td></td><td></td></tr>
<tr><td>০৫</td><td>ইমপ্লান্ট</td><td>২১৪৮</td><td>৪০</td><td>৩৯</td><td>২১৪৭</td><td></td><td></td></tr>
<tr><td>০৬</td><td>স্থায়ী পদ্ধতি (পুরুষ)</td><td>১১৩৭</td><td>০৩</td><td>০২</td><td>১১৩৬</td><td></td><td></td></tr>
<tr><td>০৭</td><td>স্থায়ী পদ্ধতি (মহিলা)</td><td>২৫৫৪</td><td>০৪</td><td>০৮</td><td>২৫৫৮</td><td></td><td></td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>৩৫২১৭</td><td>৭৪৫</td><td>৮২৭</td><td>৩৫২৯৯</td><td></td><td></td></tr>
</table>
প্রজনন স্বাস্থ্য সেবা:
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>সেবার ধরণ</th><th>সেবাগ্রহিতার সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>গর্ভকালীন সেবা</td><td>৬৭৭ জন</td></tr>
<tr><td>০২</td><td>প্রসবোত্তর সেবা</td><td>১৯৫ জন</td></tr>
<tr><td>০৩</td><td>নবজাতকের সেবা</td><td>১৯৯ জন</td></tr>
<tr><td>০৪</td><td>ডেলিভারী (স্বাভাবিক)</td><td>৫৭ জন</td></tr>
<tr><td>০৫</td><td>কিশোর কিশোরী সেবা</td><td>২৬৬২ জন</td></tr>
<tr><td>০৬</td><td>সাধারণ রোগীর সেবা</td><td>৪৬০১ জন</td></tr>
<tr><td>০৭</td><td>শিশু সেবা(০-৫) বছর</td><td>১৫১৯ জন</td></tr>
</table>
মোট সক্ষম দম্পত্তি: ৪৭,২৭২টি, মোট সেবা গ্রহণকারী: ৩৫,২৯৯ জন, সি, এ,আর-৭৪.৬৭%।
</td><td>সেবার মান বৃদ্ধির ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
</table>

০৩। **কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, সেপ্টেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ থেকে প্রাপ্ত ১০ লক্ষ টাকা দিয়ে উপজেলার বিভিন্ন ইউনিয়নে জলাবদ্ধতা নিরসনের জন্য বাছাইকৃত কাজ সফলভাবে সমাপ্ত হওয়ার পরিপ্রেক্ষিতে ২৫৫ একর জমি চাষের আওতায় এসেছে। এর মধ্যে ১৪৬.১ একর জমিতে আউশ এবং ১০৮.৯ একর জমিতে পাটের আবাদ হয়েছে। যার বাজারমূল্য প্রায় ৮৪৪১৭০৫/- টাকা। খরিপ-২ মৌসুমে রোপা আমন আবাদ হয়েছে ১১১.৯ হেক্টর জমিতে যা থেকে প্রায় ২৩৫ মে: টন ধান উৎপাদন হওয়ার সম্ভাবনা রয়েছে যার বাজারমূল্য প্রায় ৫৮৭৫০০০/- টাকা।<br>২৩-২৪ রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় সরিষা, গম, সূর্যমুখী, ভূট্টা, সয়াবিন, মসূর, খেসারী, পেঁয়াজ ও শীতকালীন মুগ ফসলের ৩৭০০ জন কৃষকের ইউনিয়নওয়ারী বিভাজন প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সরিষা বীজ, খেসারী বীজ এবং রাসায়নিক সার উপজেলায় এসে পৌছেছে। প্রণোদনা কামিটির সভাপতি মহোদয়ের সাথে আলোচনাপূর্বক বিতরণের তারিখ জানানো হবে। | ১। প্রণোদনার বীজ ও সার যথাযথভাবে কৃষকদের মাঝে বিতরণ করতে হবে।<br>২। আমন শস্য উত্তোলনে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |

HB.

০৪। **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অক্টোবর ২০২৩ মাসে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | (নিচের সারণি দ্রষ্টব্য) | সেবার মান বৃদ্ধি করতে হবে এবং সকল ইউনিয়নে সেবা দেয়ার ব্যবস্থা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |

| ক্রমিক নং | কার্যক্রম | পরিমাণ |
|---|---|---|
| ০১ | গবাদি প্রাণির চিকিৎসা | ১৪২৯ টি |
| ০২ | হাঁস-মুরগীর চিকিৎস্যা | ১৯৮৩৩ টি |
| ০৩ | গবাদি প্রাণির টিকা প্রদান | ২২৫টি |
| ০৪ | হাঁস-মুরগীর টিকা প্রদান | ৩৫০০টি |
| ০৫ | উঠান বৈঠক | ০৫ টি |
| ০৬ | খামার পরিদর্শন | ১০টি |
| ০৭ | পরামর্শ প্রদান | কার্যক্রম অব্যাহত রয়েছে |
| ০৮ | ডিজিজ সার্ভিলেন্স | ০২ টি |
| ০৯ | পোষা প্রাণির চিকিৎসা | - |
| ১০ | কৃত্রিম প্রজনন | ৭৭৫ টি |
| ১১ | গাভীর গর্ভ পরীক্ষা | ৪০টি |
| ১২ | টিকাবীজ বিক্রয় ও কৃত্রিম প্রজনন বাবদ আয় | ৬১,৬৭০/- টাকা |

০৫। **মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, সেপ্টেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আলোকে ২০জন মৎস্য চাষীকে পরামর্শ সেবা প্রদান ও পানির গুনাগুন পরীক্ষা করা হয়েছে।<br>মা ইলিশ আহরণভূক্ত ০৯টি ইউনিয়নের ১০১৩৮জন জেলা কার্ডধারী পরিবারকে ২৫ কেজি করে মোট ২৫৩.৪ মেটন ভিজিএফ চাল বিতরণ করা হয়েছে।<br>চায়না চাইসহ অন্যান্য অবৈধ জালের বিরুদ্ধে অভিযান চলমান।<br>গত ১২ অক্টোবর/২৩ হতে শুরু হয়ে ০২ নভেম্বর ২০২৩ পর্যন্ত মা ইলিশ রক্ষা অভিযান চলবে। অভিযান সফল করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করা হয়। | মা ইলিশ রক্ষা অভিযান সফল করতে মাইকিং, ব্যানার, ফেস্টুনসহ ব্যাপক প্রচারণার ব্যবস্থা করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

০৬। **উপজেলা প্রকৌশল অফিস :** উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান যে, অক্টোবর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | হাট-বাজার উন্নয়ন খাতের সকল প্রকল্পের কার্যাদেশ প্রদান করা হয়েছে।<br>বর্তমানে বিভিন্ন প্রকল্পের আওতায় ১২ টি সড়কের নির্মান ও ২৪ টি সড়কের সংস্কার কাজ চলমান। ১১ টি ব্রীজের নির্মান ও ১টি ব্রীজের সংস্কার কাজ চলমান। ১৭ টি মসজিদ/ মন্দিরের সংস্কার কাজ চলমান। ২৭ টি প্রাথমিক বিদ্যালয়ের নির্মান কাজ চলমান এবং নতুন আরও ৩ টি বিদ্যালয়ের নির্মান কাজ শীঘ্রই শুরু হবে।<br>উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবনের নিচতলায় চারিদিকে গ্রীল ও গেইট নির্মাণ করার জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br>দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>সকল উন্নয়নমূলক কাজের সুষ্ঠু পরিবেশ ও গুণগত মান রক্ষার্থে স্থানীয় জনপ্রতিনিধি ও প্রশাসনসহ সবার সহযোগিতা কাম্য। | ১। উন্নয়নমূলক কাজের সুষ্ঠু পরিবেশ ও গুনগত মান রক্ষার্থে স্থানীয় জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে।<br>২। উপজেলা পরিষদের বাউন্ডারী নির্মাণের জন্য প্রাক্কলন প্রস্তুত করে উন্মুক্ত দরপত্র আহবান করে বাস্তবায়ন কাজ সম্পাদন করতে হবে। | উপজেলা প্রকৌশলী |

HS.

০৭। **প্রাথমিক শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার জানান যে, অক্টোবর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ১। শিক্ষার্থীদের প্রোফাইল তৈরীর কাজ আগামী ৩১ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে শেষ করতে হবে।<br>২। শিক্ষকদের শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>৩। অনলাইনে উপবৃত্তির চাহিদা এন্ট্রির কাজ চলমান রয়েছে। | ১। শিক্ষার্থীদের তৈরীর কাজ যথাযথভাবে করতে হবে। যাতে পরবর্তীতে কোন সমস্যা না হয়।<br>২। অনলাইনে উপবৃত্তির চাহিদার এন্ট্রি যথাযথভাবে করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

০৮। **মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভা:) সভায় জানান যে, এই উপজেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের মোট ৪৭টি প্রতিষ্ঠান রয়েছে। হিন্দুদের শারদীয় দূর্গা পূজা উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। তিনি আরো জানান যে, বর্তমানে ৫ম শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত ছাত্রীদের জরায়ুমুখে ক্যান্সার প্রতিরোধ ভ্যাকসিন রেজিস্ট্রেশন ও ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : ছাত্রীদের জরায়ুমুখে ক্যান্সার প্রতিরোধ ভ্যাকসিন রেজিস্ট্রেশন ও ভ্যাকসিন প্রদান কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।
বাস্তবায়নে: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।

০৯। **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, অক্টোবর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | অনেক ভাতা ভোগী লাইফ ভেরিফিকেশনের সময় উপস্থিত হতে পারেনি। বর্তমানে অফিসে লাইফ ভেরিফিকেশনের কার্যক্রম চলমান রয়েছে। যারা আসতে পারেনি তাদেরকে দ্রুততম সময়ের মধ্যে লাইফ ভেরিফিকেশন করে নেয়ার জন্য অনুরোধ করা হলো।<br>নিয়মিত প্রতিবন্ধী ব্যক্তিদের জরিপ কার্যক্রম চলমান রয়েছে।<br>অত্র দপ্তরের ইউনিয়ন সমাজকর্মী মো: শফিকুল ইসলামকে অষ্টগ্রাম, কিশোরগঞ্জ বদলি করা হয়। বদলি হওয়া সত্ত্বেও তিনি এখন ও মাঠ পর্যায়ে ঋণের দায়িত্ব বুঝিয়ে দেননি। প্রাথমিক তদন্তে তার বিরুদ্ধে আঠারো লক্ষ টাকা সরকারি তহবিলে জমা না দেয়ার প্রমান পাওয়া যায়। সরকারি অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা না দেয়ার বিষয়টি অধিদপ্তরকে অবহিত করা হয়েছে। অধিদপ্তর এখন পর্যন্ত কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করেননি। সরকারি অর্থ আদায়ে উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করা হয়।<br>দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | যথাযথ ভাতাভোগীর ভাতাপ্রাপ্তি নিশ্চত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

১০। **উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, অক্টোবর ২০২৩ মাসে তার বিভাগের আওতায় ১০৩টি সমিতি রয়েছে। এর মধ্যে ৪৩টি সমিতি সক্রিয় রয়েছে। তার দপ্তরের ঋণ কার্যক্রম নিম্নরূপ:

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>সভার সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কাজের বিবরণ</th><th>মাসিক টার্গেট</th><th>মাসিক অর্জন</th><th>মোট অর্জন</th></tr>
<tr><td>০১</td><td>মোট সমিতির</td><td>০২</td><td>০০</td><td>১০৩ টি</td></tr>
<tr><td>০২</td><td>সদস্য</td><td>২৬৮</td><td>২৩</td><td>৬৯৬৩ জন</td></tr>
<tr><td>০৩</td><td>ঋণ বিতরণ</td><td>১১০৪.৮০</td><td>৯৪.৪৬ লক্ষ</td><td>১০৯৭৫.২২ লক্ষ</td></tr>
<tr><td>০৪</td><td>ঋণ আদায়</td><td>৩২৬.৭৬</td><td>৭৫.২৯ লক্ষ</td><td>১০৩৭৪.৯৩ লক্ষ</td></tr>
<tr><td>০৫</td><td>সঞ্চয়</td><td>৫০.৩০-</td><td>১.০৩ লক্ষ</td><td>২৬৫.৪২ লক্ষ</td></tr>
</table>
</td><td>মাসিক ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td></tr>
</table>

১১। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে টিআর, কাবিখা ও কাবিটা সাধারণ ও নির্বাচনী এলাকার ১ম পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে এবং বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : প্রকল্প বাস্তবায়ন পূর্ব ও পরবর্তী ছবি সংরক্ষণ করতে হবে।
বাস্তবায়নে: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।

**১২। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে, অক্টোবর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ২০২৩-২৪ অর্থ বছরে ৩৩৮টি গভীর নলকূপের বরাদ্দের অনুকূলে ০৩টি ঠিকাদারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। | ১। নলকূপ স্থাপন করার সময় বরিং ও পানির লেয়ার এর বিষয়টি নিশ্চিত হয়ে বিল তৈরী করবেন। অন্যথায় আপনি আইনগতভাবে অনিয়মের জন্য দুষিসাব্যস্ত হবেন। ২। জনস্বাস্থ্য বিভাগ হতে মাসিক সভার কার্যপত্র পাওয়া যায়না। প্রতিমাসে কার্যপত্র প্রেরণ করতে হবে। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

**১৩। উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, অক্টোবর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | চলতি মাসে ৬০জন যব ও যুব মহিলাকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। চলতি অর্থ বছরে ১০ জন যুব ও যুব মহিলাকে ৭,২০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। আদায়ের হার ৯৮%। এছাড়াও বিদেশ ফেরতগামীদের তালিকা করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। কার্যক্রম চলমান। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | যাচাই বাছাই করে উপযুক্ত যুব ও যুব মহিলাকে ঋন প্রদান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

**১৪। উপজেলা সমবায় বিভাগ :** উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, অক্টোবর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | বঙ্গবন্ধুর গণমূখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতি প্রতিষ্ঠা শীর্ষক পাইলট প্রকল্পের সদস্য ৩৬০জন। উক্ত সমিতির সদস্যদের মধ্য হতে ৪০জন সদস্যকে ৩দিন মেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১২০জন সদস্যকে ০১দিন মেয়াদি প্রশিক্ষণ দেয়া হয়েছে। সাবলম্বি করার লক্ষ্যে গত ২৮ জুলাই ২০২৩ তারিখে ১০৬জন সদস্য এর মধ্যে ১ লক্ষ টাকা করে মোট ১ কোটি ৬ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>আশ্রয়ন প্রকল্পের উপকারভোগীদের নিয়ে ০৪টি সমবায় সমিতি গঠন করা রয়েছে।<br>মোট সমবায় সমিতি ১৮২টি। এদের মধ্যে মৎস্য সমিতি ২৬টি এবং কেন্দ্রীয় সমবায় সমিতি ০১টি। বিতরণকৃত ঋণ আদায়ের হার ১০০%। অডিট সম্পাদিত সমিতির সংখ্যা ০৮টি। নির্বাচন যোগ্য সমিতির সংখ্যা ৫টি। | যথাযথভাবে সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |

**১৫। উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, সেপ্টেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ২০২৩-২৪ ভিডব্লিউবি চক্রের জুলাই হতে অক্টোবর ২০২৩ মাসের খাদ্য শস্য ছাড়করা হয়েছে।<br>২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ অনুযায়ী সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত মা ও শিশু সহায়তা ভাতা ছাড় করা রয়েছে।<br>সেপ্টেম্বর/২০২৩ খ্রি: মাসে মোট ২৭১২৫/- টাকার ঋণের কিস্তি আদায় হয়েছে। তন্মধ্যে আসল ২৬,০০০/- টাকা এবং ১১২৫/- টাকা।<br>উপজেলা পর্যায়ে মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে।<br>কিশোর কিশোরি ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। | মা ও শিশু সহায়তা ভাতার আবেদন এর চূড়ান্ত বাছাই যথাযথভাবে সম্পন্নকরতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

**১৬। বন বিভাগ :** ফরেস্টার জানান যে, ভেদরগঞ্জ উপজেলাধীন সামাজিক বনায়নের আওতায় রোপিত ০৩টি রাস্তার গাছ মেয়াদ উত্তির্ণ হওয়ায় কর্তন করা প্রয়োজন। সামাজিক বনায়ন কমিটির সভা করে পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়।

**১৭। পল্লী সঞ্চয় ব্যাংক :** ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক এর অক্টোবর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>পর্ববর্তী সভার সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কাজের বিবরণ</th><th>মাসিক টার্গেট</th><th>মাসিক অর্জন</th><th>মোট অর্জন</th></tr>
<tr><td>০১</td><td>মোট সমিতির</td><td>-</td><td>-</td><td>৪২৪ টি</td></tr>
<tr><td>০২</td><td>সদস্য</td><td>-</td><td>-</td><td>১৬০১৯ জন</td></tr>
<tr><td>০৩</td><td>ঋণ বিতরণ</td><td>-</td><td>-</td><td>২৮৩০০০০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>ঋণ আদায়</td><td>-</td><td>-</td><td>২৮৫০০০০০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>সঞ্চয়</td><td>-</td><td>-</td><td>১৯৫০০০/-</td></tr>
</table>
</td><td>মাসিক আদায়ের হার বৃদ্ধি করতে হবে</td><td>শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক</td></tr>
</table>

সিদ্ধান্তঃ মাসিক কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন না পাওয়ায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। আগামী মাসসমূহে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য বলা হলো।

বাস্তবায়নেঃ ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।

১৮। **পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :** উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, অক্টোবর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপঃ

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>পর্ববর্তী সভার সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কাজের বিবরণ</th><th>মাসিক টার্গেট</th><th>মাসিক অর্জন</th><th>মোট অর্জন</th></tr>
<tr><td>০১</td><td>মোট সমিতির</td><td>০১টি</td><td>-</td><td>৫৭টি</td></tr>
<tr><td>০২</td><td>সদস্য</td><td>৩০জন</td><td>২২ জন</td><td>২৪২৩ জন</td></tr>
<tr><td>০৩</td><td>ঋণ বিতরণ</td><td>৩০.০০</td><td>২০.৯২</td><td>৩৩৩.০০ লক্ষ</td></tr>
<tr><td>০৪</td><td>ঋণ আদায়</td><td>৩২.০০</td><td>২৯.৫৯</td><td>৩৬২.৫৯ লক্ষ</td></tr>
<tr><td>০৫</td><td>সঞ্চয়</td><td>৩.০০</td><td>৩.৪৪</td><td>১৪.০০ লক্ষ</td></tr>
<tr><td>০৬</td><td>সদস্য প্রশিক্ষণ</td><td>৫০ জন</td><td>৫০ জন</td><td>১৫০ জন</td></tr>
</table>
</td><td>মাসিক আদায়ের হার বৃদ্ধি করতে হবে</td><td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা</td></tr>
</table>

১৯। **পল্লী বিদ্যুৎ সমিতি :** এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, সাব জোনাল অফিস, ভেদরগঞ্জ জানান যে, অক্টোবর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপঃ

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>বিবরণ</th><th>সভার সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কাজের বিবরণ</th><th>পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>অভিযোগ গ্রহণ</td><td>২৪২টি</td></tr>
<tr><td>০২</td><td>অভিযোগ নিষ্পত্তি</td><td>২৪২টি</td></tr>
<tr><td>০৩</td><td>বিনষ্ট ট্রান্সফরমার পরিবর্তন</td><td>০৪টি</td></tr>
<tr><td>০৪</td><td>নতুন মিটার স্থাপন</td><td>৭৮টি</td></tr>
<tr><td>০৫</td><td>বিলকৃত অর্থ</td><td>১,৮১,৩৮,০৩৪/-</td></tr>
<tr><td>০৬</td><td>বিল আদায়কৃত অর্থ</td><td>১,৬০,৪৩,২৪৩/-</td></tr>
<tr><td>০৭</td><td>আদায়ের হার</td><td>৮৮.৪৫ %</td></tr>
<tr><td>০৮</td><td>বকেয়াধারী গ্রহক সংখ্যা</td><td>৫৬৪ জন</td></tr>
</table>
সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট অনেক টাকা বকেয়া বিদ্যুৎ বিল হিসেবে পাওনা রয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়।
</td><td>১। অভিযোগ সমূহকে গুরুত্ব বিবেচনায় নিয়ে সমাধান করতে হবে।</td><td>সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ভেদরগঞ্জ</td></tr>
</table>

২০। **পল্লী বিদ্যুৎ সমিতি :** এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, সখিপুর জানান যে, সেপ্টেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপঃ

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- |

HB.

<table>
<tr>
<td>০১</td>
<td>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কাজের বিবরণ</th><th>পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>অভিযোগ গ্রহণ</td><td>৪১৫ টি</td></tr>
<tr><td>০২</td><td>অভিযোগ নিষ্পত্তি</td><td>৪১৫ টি</td></tr>
<tr><td>০৩</td><td>বিনষ্ট ট্রান্সফরমার পরিবর্তন</td><td>০৬ টি</td></tr>
<tr><td>০৪</td><td>নতুন মিটার স্থাপন</td><td>২৪৯ টি</td></tr>
<tr><td>০৫</td><td>বিলকৃত অর্থ</td><td>২,৮৮,৩৯,৩৪১/-</td></tr>
<tr><td>০৬</td><td>বিল আদায়কৃত অর্থ</td><td>২,৫৭,০৫,৪৯০/-</td></tr>
<tr><td>০৭</td><td>আদায়ের হার</td><td>৮৯.১৩%</td></tr>
<tr><td>০৮</td><td>বকেয়াধারী গ্রহক সংখ্যা</td><td>১২৬৯ জন</td></tr>
</table>
সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট অনেক টাকা বকেয়া বিদ্যুৎ বিল হিসেবে পাওনা রয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়।
</td>
<td>১। অভিযোগ সমূহকে গুরুত্ব বিবেচনায় নিয়ে সমাধান করতে হবে।</td>
<td>ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, সখিপুর</td>
</tr>
</table>

**২১। তথ্য আপা :** তথ্যসেবা কর্মকর্তা, মহিলা সংস্থা, ভেদরগঞ্জ জানান যে, সেপ্টেম্বর ২০২৩ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | তথ্যকেন্দ্রের ডোর টু ডোর ও তথ্যকেন্দ্র ভিত্তিক সেবাগ্রহিতা ও সেবা প্রদানের সংখ্যা ২৫০ জন। ডোর টু ডোর সেবার মাধ্যমেগ্রামীন মহিলাদের বিভিন্ন বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা হয়। যেমন-বাল্য বিবাহ, নারী নির্যাতন, নারীর ক্ষমতায়ণ, উদ্যোক্তা তৈরী, তথ্য-প্রযুক্তির উন্নয়ন ইত্যাদি।<br>২০২৩-২৪ অর্থ বছরে উঠান বৈঠক করার নির্দেশনা এবং বরাদ্দ পাওয়া যায়নি। | মাসিক সেবা কার্যক্রম বৃদ্ধি করতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভেদরগঞ্জ |

**বিবিধ আলোচনা:**

**০১। অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পুন:বাসন ও বেওয়ারিশ লাশ দাফন অনুদান প্রদান সংক্রান্ত :**

উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পুন:বাসন ও বেওয়ারিশ লাশ দাফন এর আওতায় প্রাপ্ত আবেদনের বিষয়ে আলোচনা করা হয়। নিম্নে উল্লিখিত আবেদনকারীদের আবেদনগুলো বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নরূপ হারে আর্থিক অনুদান অনুমোদন করা হয়।

| ক্রমিক নং | আবেদনকারীর নাম ও ঠিকানা | যে কারণে আর্থিক অনুদান চাওয়া হয়েছে | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১. | মো: জসিম বেপারী, পিতা: মঙ্গল বেপারী, সাং-লালু বেপারীর কান্দি, চরকুমারীয়া ইউনিয়ন। | আগ্নিকান্ডে বাজারে দোকানঘর পুড়ে যাওয়ায় আর্থিক অনুদান | =৫,০০০/- |
| ০২. | ইয়াছিন হাওলাদার,সাং-হাওলাদার কান্দি ০১নং ওয়ার্ড, চরকুমারীয়া ইউনিয়ন। | আগ্নিকান্ডে বাজারে দোকানঘর পুড়ে যাওয়ায় আর্থিক অনুদান | =৫,০০০/- |
| ০৩. | চানশরীফ গাইন, পিতা: আইয়ুব গাইন, সাং-নাওডোবা, চরকুমারীয়া ইউনিয়ন। | চিথকিসার জন্য আর্থিক অনুদান | =৫,০০০/- |
| ০৪. | কাকলি, পিতা: সাত্তার বেপারী, সাং-সাজনপুর, মহিষার ইউনিয়ন। | চিথকিসার জন্য আর্থিক অনুদান | =৫,০০০/- |
| ০৫. | আমেনা বেগম, পিতা: শরীফ বেপারী, সাং-খলিল মালের কান্দি, দক্ষিন তারাবুনিয়া। | চিথকিসার জন্য আর্থিক অনুদান | =৫,০০০/- |
| ০৬ | রেহেনা বেগম, পিতা: বিল্লাল আখন, সাং-মুন্সিকান্দি ০২নং ওয়ার্ড, ডিএমখালী ইউনিয়ন। | চিথকিসার জন্য আর্থিক অনুদান | =৫,০০০/- |

০৩। প্রকল্প সংক্রান্ত আলোচনা:

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনার আলোকে জরুরী ভিত্তিতে চরকুমারীয়া ইউনিয়নের মোল্যারহাট-ডিএমখালী আর.এইচ.ডি আদর্শগ্রাম পশ্চিম পর্যন্ত ইটের সলিং দ্বারা রাস্তা উন্নয়ন করার লক্ষে ৭,৭২,১১২/-(সাত লক্ষ বাহাত্তর হাজার একশত বার) টাকার প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করা হলো। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত রাস্তা অনেক জনগুরুত্বপূণ্য হওয়ায় জরুরী ভিত্তিতে উপজেলা উন্নয়ন তহবিল হতে **(আর.এফ.কিউ)** এর মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা প্রকৌশলীকে উক্ত প্রকল্পের সার্বিক তদারকী করার জন্য অনুরোধ করা হয়। উক্ত প্রকল্প কাজের ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা হবে।

চেয়ারম্যান, মহিষার ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের কাঞ্চনপাড়া বাজারের দক্ষিণ পাশের রাস্তা নষ্ট হয়ে গেছে। রাস্তা মেরামত করা একান্ত প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে রাস্তা মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**খ। প্রকল্পের নামঃ** মহিষার ইউনিয়নের ০১নং ওয়ার্ডে কাঞ্চনপাড়া বাজারের দক্ষিণ পাশের গলি মেরামত।

প্রকল্প বাস্তবায়ন কমিটি : বরাদ্দ-১,০০,০০০/- টাকা। (উপজেলা উন্নয়ন তহবিল)

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ০১ | আলী নেওয়াজ | ইউপি সদস্য, মহিষার ইউপি | সভাপতি |
| ০২ | মনিরুজ্জামান হাওলাদার | ইউপি সদস্য, মহিষার ইউপি | সদস্য |
| ০৩ | মো: সালাহ উদ্দিন | প্রধান শিক্ষক | সদস্য |
| ০৪ | শাহ জাহান ঢালী | গন্যমাণ্য | সদস্য |
| ০৫ | রতন মৃধা | গন্যমাণ্য | সদস্য |
| ০৬ | আকলিমা বেগম | গন্যমাণ্য | সদস্য |
| ০৭ | হামিদা বেগম | গন্যমাণ্য | সদস্য |

উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুতসহ বাস্তবায়ন কার্যক্রম তদারকী করার জন্য অনুরোধ করা হয়। উক্ত ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা হবে।

**উপজেলার সম্প্রসারিত নতুন ভবনের দুই পাশে এসএস দিয়ে বেস্টনি এবং সামনে কেচিগেইট স্থাপন সংক্রান্ত আলোচনাঃ**

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলার সম্প্রসারিত প্রশাসনিক ভবনের দুই পার্শ্ব এবং সামনের সিড়ির উপরের অংশ ফাঁকা থাকায় অফিসে কুকুর-বিড়াল, নেশাখোড় ও চোর অনায়াশেই অফিস ভবনে যাতায়াত করতে পারে। ফলে অফিসসমূহকে নিরাপত্তাহীনতায়ভূগতে হচ্ছে। অফিসমূহের নিরাপত্তা নিশ্চিত করতে অফিসের পূর্ব ও পশ্চিম পাশে এসএস পাইপ দিয়ে বেষ্টনী এবং সামনের সিড়ির উপরে কেচিগেইট স্থাপন করার জন্য উপজেলা পরিষদ এর ৫১তম সভার সিদ্ধান্ত মোতাবেক কেচিগেইট ও গ্রীল স্থাপন করার জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত মূল্য ৮,৩৯,৪৯৩/- (আট লক্ষ উনচল্লিশ হাজার চারশত তিরানব্বই) টাকা। বিষয়টি বিবেচনার জন্য সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনান্তে অফিসসমূহের নিরাপত্তা নিশ্চিত করতে নিরাপত্তা বেষ্টনী ও কেচিগেইট নির্মানের জন্য উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলিত অর্থ দিয়ে অফিসসমূহের নিরাপত্তা বেষ্টনী ও কেচিগেইট উপজেলা রাজস্ব তহবিল অর্থ দিয়ে বাস্তবায়নের জন্য চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। উপজেলা উন্নয়ন তহবিল প্রকল্প অনুমোদন সংক্রান্ত আলোচনাঃ

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, সেপ্টেম্বর ২০২৩ মাসের সভার সিদ্ধান্তের আলোকে উপজেলা উন্নয়ন তহবিল অর্থ দিয়ে প্রকল্প গ্রহণ করার জন্য উপজেলা পরিষদ ও ইউপি সমূহের মধ্যে অর্থ বিভাজন করে দেয়া হয়েছে। তাদের দাখিলকৃত প্রকল্প যাচাই বাছাই করে চূড়ান্ত অনুমোদনের জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয়। দাখিলকৃত প্রকল্প যাচাই বাছাই করে ২০২৩-২৪ অর্থ বছরের বাস্তবায়নের জন্য পরিশিষ্ট 'ক'তে উল্লিখিত প্রকল্পসমূহ অনুমোদন করা হয়।

সিদ্ধান্তঃ ১। পরিশিষ্ট 'ক'তে উল্লিখিত প্রকল্প সমূহ অনুমোদন করা হয়। ২। উপজেলা প্রকৌশলী সরজমিনে পরিদর্শন করে প্রাক্কলন প্রস্তুতসহ প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম কমিটি ও টেন্ডার এর মাধ্যমে সম্পন্ন করবেন।

বাস্তবায়নেঃ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী।

০৫। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্প অনুমোদন সংক্রান্ত আলোচনা:

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অর্থ দিয়ে প্রকল্প গ্রহণ করার জন্য উপজেলা পরিষদ ও ইউপি সমূহের মধ্যে অর্থ বিভাজন করে দেয়া হয়েছে। তাদের দাখিলকৃত প্রকল্প যাচাই বাছাই করে চূড়ান্ত অনুমোদনের জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয়। দাখিলকৃত প্রকল্প যাচাই বাছাই করে ২০২৩-২৪ অর্থ বছরের বাস্তবায়নের জন্য পরিশিষ্ট 'খ'তে উল্লিখিত প্রকল্পসমূহ অনুমোদন করা হয়।

সিদ্ধান্তঃ ১। পরিশিষ্ট 'খ'তে উল্লিখিত প্রকল্প সমূহ অনুমোদন করা হয়। ২। উপজেলা প্রকৌশলী সরজমিনে পরিদর্শন করে প্রাক্কলন প্রস্তুতসহ প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম কমিটি ও টেন্ডার এর মাধ্যমে সম্পন্ন করবেন।

বাস্তবায়নেঃ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী।

০৬। **বিভিন্ন ব্যয় অনুমোদন :** বিস্তারিত আলোচনান্তে উপজেলা উন্নয়ন তহবিল অর্থ দ্বারা সম্পাদনের জন্য নিম্নোক্ত ব্যয় অনুমোদন করা হয়।

| ক্রমিক নং | বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১. | ছয়গাঁও ০৯নং ওয়ার্ড পাপরাইল আঃ হক পালোয়ানের বাড়ির পূর্ব পাশের রাস্তার ভাঙ্গা মেরামত | ২৫,০০০/- |

০৭। **বিভিন্ন ব্যয় অনুমোদন :** বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল দ্বারা সম্পাদনের জন্য নিম্নোক্ত ব্যয় অনুমোদন করা হয়।

| ক্রমিক নং | বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১. | উপজেলার পুরাকন প্রশাসনিক ভবনের সামনের জমে থাকা পানি নিষ্কাশনের জন্য পাইপ বসানো বাবদ খরচ। | ৬,৫০০/- |
| ০২. | উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের ডেক্সটপ কম্পিউটার সার্ভিসিং ও নতুন এসএসডি সংজোযন, নতুন ওয়েন্ডোস সেটাপ, ০১টি কি-বোর্ড, ০১টি মাউস, ০১টি এন্টিভাইরাস সফটওয়ার, ০১টি স্পিকার ক্রয়। | ১৩,৫০০/- |
| ০৩. | উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের প্রিন্টারের জন ০১টি টোনার ক্রয়। | ২,০০০/- |
| ০৪. | উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের জন্য ০১টি ইলেকট্রনিক ক্যাটলি ও ০১টি ফ্লাক্স ক্রয়। | ২,৫০০/- |
| ০৫. | উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসের ইন্টারনেট বিল। | ১,০০০/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্ত সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

HKabir
মোঃ হুমায়ুন কবির
চেয়ারম্যান
ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।

স্মারক নং- ০৫.৩০.৮৬১৪.০০০.০৯.০০১.১৭-

তারিখঃ ৩১ অক্টোবর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

০১. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-২ ও মাননীয় উপমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
০২. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ-২২৩, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, সংরক্ষিত আসন ৩৯।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫. জেলা প্রশাসক, শরীয়তপুর।
০৬. চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইসচেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৮. মেয়র, ভেদরগঞ্জ পৌরসভা, শরীয়তপুর।
০৯. উপজেলা ---------------------------------- কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১০. চেয়ারম্যান, ------------------------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১১. জনাব ----------------------------------------------------------------------------------------
১২. অফিস কপি।

৩১/১০/২৩

আবদুল্লাহ আল মামুন
উপজেলা নির্বাহী অফিসার
ভেদরগঞ্জ, শরীয়তপুর।